সংবাদ

তারিখ ২৮।৩।৮১
পৃষ্ঠা ... ... ... কলাম ... ... ...

005

# গণশিক্ষা কর্মসূচী সফল করুন : প্রধান মন্ত্রী

প্রধানমন্ত্রী শাহ আজিজুর রহমান গতকাল বলেন, সময়ের ক্রমবর্ধমান চাহিদা পূরণে শিক্ষার পাঠক্রম ও পাঠ্যতালিকা পরিবর্তনের প্রক্রিয়া অব্যাহত থাকবে।

বাসসর খবরে প্রকাশ, তিনি রেসিডেন্সিয়াল মডেল স্কুলে অভিভাবক দিবস ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন।

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## প্রধানমন্ত্রী

(১-এর পৃঃ পর)

তিনি বলেন, এটা হলো বিজ্ঞান ও প্রযুক্তির যুগ। সাধারণ শিক্ষার সঙ্গে সঙ্গে কারিগরি ও বৃত্তি শিক্ষা চালু করা হবে। গণশিক্ষা কর্মসূচী সফল করার জন্য তিনি ছাত্রদের প্রতি এ কর্মসূচীতে সক্রিয়ভাবে অংশগ্রহণের আহবান জানান।

শাহ আজিজুর রহমান বলেন, দেশে পাঁচ কোটি নিরক্ষর লোক রয়েছেন। এদের মধ্যে ৩০ লাখ লোককে গত এক বছরে ব্যবহারিক শিক্ষা দেয়া হয়েছে। বিভিন্ন পর্যায়ে ছাত্র ও শিক্ষকদের সক্রিয় সহযোগিতার জন্যই এটা সম্ভব হয়েছে বলে তিনি জানান।

তিনি বলেন, ১৯৮১ সালের ডিসেম্বরের মধ্যে আরো এক কোটি লোককে ব্যবহারিক শিক্ষা দেয়া হবে। এ স্কুলের অধ্যক্ষ জনাব লুৎফুল হায়দার চৌধুরীও এ অনুষ্ঠানে বক্তৃতা করেন।